

2024/FYUG/EVEN/SEM/  
BNGIDC-151T/105

FYUG Even Semester Exam., 2024

BENGALI

( 2nd Semester )

Course No. : BNGIDC-151T

[ বিশ শতকের বাংলা সাহিত্য—১ ]

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাঠ্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

বিভাগ—‘ক’

যে কোনো কুড়িটি প্রশ্নের উত্তর দাও :

১×২০=২০

১। ‘পলাতকা’ কাব্যটির রচনাকাল কত?

২। ‘পলাতকা’র পূর্ববর্তী কাব্যের নাম কী?

৩। ‘পলাতকা’ কবিতায় উল্লিখিত একটি পশুর নাম লেখো।

৪। ‘মুক্তি’ কবিতায় কত বছর বয়সে বধুর জীবনে বসন্তকাল এসেছে?

24J/1133

( Turn Over )

- ৫। 'নিষ্কৃতি' কবিতার মেয়েটির নাম কী?
- ৬। 'প্রাচ্য ও পাশ্চাত্য' প্রবন্ধটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?
- ৭। 'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থ ছাড়া বিবেকানন্দের অন্য একটি গ্রন্থের নাম লেখো।
- ৮। বিবেকানন্দের মতে মোক্ষ মার্গের উপদেশ প্রথম কে দিয়েছেন?
- ৯। সমুদ্রের ধারে যারা বাস করত, তাদের অধিকাংশের জীবিকা কী ছিল?
- ১০। "চারিদিকে আবর্জনা রাশি—এই আমাদের বর্তমান ভারত।"  
'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থের কোন্ নিবন্ধে বিবেকানন্দ একথা বলেছেন?
- ১১। 'সাজাহান' নাটকটি কাকে উৎসর্গ করা হয়?
- ১২। 'সাজাহান' নাটকে দ্বিজেন্দ্রলাল পাশ্চাত্যের কোন্ নাট্যকারকে অনুসরণ করেছেন?
- ১৩। দারার স্ত্রীর নাম কী?
- ১৪। সাজাহানের কন্যার নাম কী?
- ১৫। ঔরঙ্গজেবের সেনাপতির নাম লেখো।
- ১৬। 'দত্তা' উপন্যাসে কয়টি পরিচ্ছেদ আছে?

- ১৭। বনমালী, জগদীশ ও রাসবিহারী কোন্ স্কুলে পড়তেন?
- ১৮। ব্রাহ্ম মন্দিরের পুরোহিত কে ছিলেন?
- ১৯। বিজয়া কার বাগদত্তা ছিল?
- ২০। 'দত্তা' উপন্যাসে কোন্ সত্ত্বকে উপলক্ষ্য করে বিজয়া-নরেনের প্রেম অনেকটা পরিণতি লাভ করে?
- ২১। 'জীবনস্মৃতি' গ্রন্থটিতে কয়টি পরিচ্ছেদ রয়েছে?
- ২২। কোন্ স্কুলে রবীন্দ্রনাথের শিক্ষারম্ভ হয়?
- ২৩। রবীন্দ্রনাথের বাড়ির অনেককালের খাজাঞ্চি কে ছিলেন?
- ২৪। রবীন্দ্রনাথের পিতার নাম কী?
- ২৫। রবীন্দ্রনাথ শিশুকালে যে শাসনকর্তার শাসনে ছিলেন তার নাম কী?

### বিভাগ—'খ'

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- ২৬। 'পলাতকা' কাব্যের প্রথম কবিতার নাম কী? এই কবিতায় কে 'নিরুদ্দেশের আশে' বাইরে চলে গেছে?
- ২৭। "সেই তো আমার মুগ্ধ চোখের প্রথম আলো,  
এই ভুবনের সকল ভালোর প্রথম ভালো।"  
পংক্তিটি 'পলাতকা' কাব্যের কোন্ কবিতার অন্তর্গত? এখানে কার কথা বলা হয়েছে?

- ২৮। বাংলা গদ্যে সাধারণত কয়টি রীতির প্রচলন আছে? বিবেকানন্দ 'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থে কোন্ রীতি অবলম্বন করেছেন?
- ২৯। বিবেকানন্দ 'স্নেহ' ও 'কালোদাস' বলতে কাদের বুঝিয়েছেন?
- ৩০। 'সাজাহান' নাটকে মোট কয়টি অংক ও কয়টি দৃশ্য আছে?
- ৩১। "আমার হৃদয় এক শাসন জানে। সে শুধু স্নেহের শাসন।" উক্তিটি কে, কাকে করেছেন?
- ৩২। 'দত্তা' উপন্যাসে ব্রাহ্ম মন্দির কে এবং কোথায় প্রতিষ্ঠা করেন?
- ৩৩। নলিনী কে? সে কেন গ্রামে এসেছিল?
- ৩৪। 'জীবনস্মৃতি' গ্রন্থটি কোন্ পত্রিকায় এবং কবে প্রকাশিত হয়?
- ৩৫। রবীন্দ্রনাথের বাড়ির ভিতরের বাগানের যে কোনো দুটি গাছের নাম লেখো।

### বিভাগ—'গ'

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৮×৫=৪০

- ৩৬। "নিত্য ও অনিত্যের লীলার চরম ট্রাজেডি মানুষের জীবনে ফুটিয়া আছে। কবির এই ট্রাজেডির অনুভূতি, এই মানসিক দ্বন্দ্বের রূপ পাইয়াছে 'পলাতকায়'।" মন্তব্যটি আলোচনা করো।

- ৩৭। "মৃত্যু সমগ্র জীবনের রুদ্ধ অবস্থাকে ভেঙে মুক্তির আনন্দ ও নব জীবনের আশ্বাস দেয়।" মন্তব্যটির আলোকে 'পলাতকা' কাব্যগ্রন্থের 'মুক্তি' কবিতাটি আলোচনা করো।
- ৩৮। স্বামীজীর 'প্রাচ্য ও পাশ্চাত্য' প্রবন্ধ অবলম্বনে দুই সভ্যতার বৈশিষ্ট্য আলোচনা করো।
- ৩৯। স্বামীজীর অনুসরণে 'ধর্ম' ও 'মোক্ষ'-এর স্বরূপ বিশ্লেষণ করো।
- ৪০। 'সাজাহান' নাটকে ঐতিহাসিক নাটকের লক্ষণ কতটা পরিস্ফুট, আলোচনা করো।
- ৪১। "কেবল নারী চরিত্রগুলোর মধ্যে নয়, সমস্ত চরিত্রাবলীর মধ্যে 'সাজাহান' নাটকের জাহানারা একটি সমুজ্জ্বল অগ্রিবেশ।" এই মন্তব্যের সার্থকতা বিচার করো।
- ৪২। 'দত্তা' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।
- ৪৩। 'দত্তা' উপন্যাসের রাসবিহারী চরিত্রটি বিশ্লেষণ করো।
- ৪৪। "প্রকৃতপক্ষে 'জীবনস্মৃতি' রবীন্দ্রনাথের হয়ে ওঠার কাহিনি।" 'জীবনস্মৃতি' পাঠ্যগ্রন্থ অবলম্বনে এই মন্তব্যের সার্থকতা বিচার করো।
- ৪৫। " 'জীবনস্মৃতি' গ্রন্থে প্রকৃতিতত্ত্ব এক বালকের ছবি সুস্পষ্ট।" প্রাসঙ্গিক অংশ উল্লেখ করে রবীন্দ্রনাথের শৈশবের প্রকৃতি-মুগ্ধতার বর্ণনা দাও।

★ ★ ★

2024/FYUG/EVEN/SEM/  
BNGIDC-151T/105